



ইরানের সঙ্গে সম্পর্ক জোরদার করবে রাশিয়া: পুতিন



রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ছবি: সংগৃহীত

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন জানিয়েছেন, ইরানের সঙ্গে কৌশলগত সম্পর্ক আরও শক্তিশালী করতে মস্কো দৃঢ়প্রতিজ্ঞ এবং মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেবে।

সেন্ট পিটার্সবার্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচির সঙ্গে বৈঠকে তিনি এ মন্তব্য করেন। বৈঠকের সময় পুতিন জানান, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির কাছ থেকে তিনি সম্প্রতি একটি বার্তা পেয়েছেন। তিনি আরাগচির মাধ্যমে খামেনির প্রতি কৃতজ্ঞতা ও সম্মান পৌঁছে দেওয়ার অনুরোধ জানান।

পুতিন আরও বলেন, ইরানের জনগণ নিজেদের সার্বভৌমত্ব রক্ষায় দৃঢ়তা ও সাহসিকতার পরিচয় দিচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, চলমান চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশটি দ্রুত স্থিতিশীলতার পথে ফিরবে।

রুশ প্রেসিডেন্ট জোর দিয়ে বলেন, ইরানসহ পুরো অঞ্চলের স্বার্থ রক্ষায় রাশিয়া কাজ চালিয়ে যাবে। তার ভাষায়, শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে মস্কো তার সর্বোচ্চ সক্ষমতা প্রয়োগ করবে। এদিকে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি সোমবার সেন্ট পিটার্সবার্গে পৌঁছান। এর আগে তিনি পাকিস্তান ও ওমান সফর শেষ করে রাশিয়ায় আসেন।